উখিয়ায় উপজেলা প্রশাসনের উচ্ছেদ অভিযান শুরু

কায়সার হামিদ মানিক, উখিয়া: কক্সবাজারের উখিয়া -টেকনাফ সড়কের দুইপাশ প্রসস্থ করণ ও যানজট নিরসনের লক্ষে উচ্ছেদ অভিযান চালিয়েছে উখিয়া উপজেলা প্রশাসন। ফুটপাত দখলমুক্ত করে যানজট নিরসনে এ অভিযান চলমান থাকবে বলে প্রশাসন সুত্রে জানা গেছে। আজ বুধবার সকাল সাড়ে ১১ টার দিকে এই অভিযান পরিচালনা করেন উখিয়ার নবাগত উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ নিকারুজ্জামান। অভিযানে উপজেলার কুতুপালং বাজারের দুইপাশে বসা ফুটপাত থেকে অবৈধ ঝুপড়িঁ ও স্থাপনা উচ্ছেদ করা হয়। প্রসঙ্গতঃ কুতুপালং বাজারের দুইপাশে স্থানীয় প্রভাবশালী মহলের প্ররোচনায় গ্রামবাসীদের পাশাপাশি রোহিঙ্গারাও ফুটপাতে পসরা সাজিয়ে ভীড় করে আসছিল। সকল শ্রেণীপেশার মানুষের দাবী ছিল কুতুপালং বাজারের দুইপাশ দখলমুক্ত করে রাস্তার প্রসস্থ বৃদ্ধি এবং যানজটমুক্ত করা। অবশেষে উপজেলা প্রশাসনের অভিযান পরিচালিত হওয়ায় সাধুবাদ জানিয়েছে স্থানীয়রা। অভিযানে কতটি অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হয়েছে জানতে চাইলে নবাগত উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ নিকারুজ্জামান বলেন, সুনির্দিষ্ট করে বলা যাচ্ছে না,তবে বিভিন্ন জনলোকারণ্য স্থানে অভিযান অব্যাহত থাকবে বলে জানান। তিনি আরো বলেন, এটি যানজট নিরসনের উদ্দ্যোগ।